



আইন-শৃঙ্খলা রক্ষায় রাজনৈতিক পরিচয় বিবেচনা নয়: স্বরাষ্ট্রমন্ত্রী



সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে কোনো ব্যক্তির রাজনৈতিক পরিচয়কে গুরুত্ব দেওয়া হবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, অপরাধের সঙ্গে জড়িত না থাকলে শুধু রাজনৈতিক পরিচয়ের ভিত্তিতে কাউকে গ্রেপ্তার করছে না পুলিশ।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণের পর আইন-শৃঙ্খলা পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। খুন, ডাকাতি ও নারী-শিশু নির্যাতনসহ বিভিন্ন অপরাধের চিত্রে অগ্রগতি এলেও ধর্ষণ মামলার সংখ্যা কিছুটা বেড়েছে বলে তিনি স্বীকার করেন।

তিনি বলেন, আগে সামাজিক ও রাজনৈতিক নানা কারণে অনেক ভুক্তভোগী থানায় যেতে পারতেন না। এখন তারা সহজেই মামলা করতে বা অনলাইনে অভিযোগ জানাতে পারছেন, ফলে অভিযোগের সংখ্যাও বেড়েছে।

তিনি আরও বলেন, ধর্ষণের ঘটনায় দ্রুত গ্রেপ্তার, অভিযোগপত্র দাখিল এবং বিচারপ্রক্রিয়ায় পুলিশের কার্যক্রম আগের তুলনায় অনেক বেশি কার্যকর হয়েছে। উদাহরণ হিসেবে তিনি রামিষা হত্যা মামলার দ্রুত বিচার এবং তনু হত্যা মামলায় ডিএনএ প্রতিবেদনের ভিত্তিতে আসামি গ্রেপ্তারের বিষয়টি তুলে ধরেন।

এ ছাড়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে আরও আধুনিক ও স্বয়ংসম্পূর্ণ প্রতিষ্ঠানে রূপ দিতে ডগ স্কোয়াড, আধুনিক পরীক্ষাগার, অস্ত্র প্রশিক্ষণ এবং প্রযুক্তিনির্ভর সরঞ্জাম সংযোজনের উদ্যোগ নেওয়া হয়েছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী।